সংবাদ

তারিখ ৫/৭/৮১
পৃষ্ঠা ... কলাম ...

375

026

# আগামী জুলাই থেকে মেট্রিক পদ্ধতি চালু হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

ওজন ও মাপ নির্ধারণে আন্তর্জাতিকভাবে প্রচলিত মেট্রিক পদ্ধতি আগামী বছরের ১লা জুলাই থেকে দেশে চালু করা হচ্ছে।

বিজ্ঞান ও প্রযুক্তি দফতরের প্রতিমন্ত্রী ডঃ আর, এ গনি এ ব্যাপারে গতকাল এক সাংবাদিক সম্মেলনে বিস্তারিত কর্মসূচী ব্যাখ্যা করেন। সম্প্রতি সরকার এ ব্যাপারে একটি অধ্যাদেশ জারি করেছেন। পরবর্তী সংসদ অধিবেশনে অধ্যাদেশটি বিল আকারে উত্থাপন করা হবে বলে মন্ত্রী জানান।

প্রতিমন্ত্রী জানান, এই পদ্ধতি চালু করতে মন্ত্রণালয় বাণিজ্যিক ব্যবহারের জন্য প্রাথমিকভাবে ওজন পরিমাপের ৫লাখ ও দৈর্ঘ্য পরিমাপের ৩লাখ সেট বাজারে ছাড়বে। পুরো কর্মসূচী বাস্তবায়নে মন্ত্রণালয় প্রায় ৪কোটি টাকা ব্যয় করবে।

তিনি জানান, মেট্রিক পদ্ধতিতে ওজন ও মাপের সেট স্থানীয়ভাবে তৈরী করা হবে। বাংলাদেশ ষ্ট্যাণ্ডার্ড ইনসটিটিউশনের লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের মাধ্যমে সেটগুলো তৈরী হবে। সেট নির্মাণের পর তার গুণগত মান পরীক্ষা করে স্ট্যাণ্ডার্ড ইনসটিটিউশনের সার্টিফিকেট পেলেই কেবলমাত্র তা বাজারে ব্যবহারের উপযোগী হবে।

ডঃ আর, এ গনি জানান, বর্তমান চালু পদ্ধতির সাথে মেট্রিক পদ্ধতির তুলনামূলক ব্যবধানের তালিকা ইতিমধ্যেই স্ট্যাণ্ডার্ড ইনসটিটিউশন সরকারী, আধা-সরকারী সংস্থা ও বেসরকারী প্রতিষ্ঠানগুলোর কাছে পৌছে দিয়েছে। এছাড়া আগামী ১লা জুলাই পর্যন্ত অন্তর্বর্তীকালীন সময়ের মধ্যে জনগণকে নতুন পদ্ধতি সম্পর্কে সচেতন করার জন্য ব্যাপক কর্মসূচী হাতে নেয়া হয়েছে।

তিনি জানান, মেট্রিক পদ্ধতিতে ওজনের মাপ হবে কিলোগ্রাম ও দৈর্ঘ্যের মাপ হবে মিটার।